



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও

Phone: +8802589932064; Mobile: 01321228700; web: [tgc.edu.bd](http://tgc.edu.bd); E-mail: [tgc3502@gmail.com](mailto:tgc3502@gmail.com)

## ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে ভর্তি বিজ্ঞপ্তি

তারিখ: ০৫/০৬/২০২৪ খ্রি.

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ঠাকুরগাঁও সরকারি কলেজে ১ম বর্ষ স্নাতক (পাস) শ্রেণিতে বিএ/বিএসএস/বিবিএস/বিএস-সি কোর্সে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট হতে On Line আবেদন আহবান করা যাচ্ছে। ভর্তির জন্য আবেদনের যোগ্যতা, আবেদন পদ্ধতিসহ অন্যান্য তথ্যাদি নিম্নে উল্লেখ করা হলো।

### আবেদন ফরম প্রাপ্তি ও জমাদান

আবেদন ফরম ডাউনলোড : ০৫/০৬/২০২৪ থেকে ৩০/০৬/২০২৪ খ্রি. পর্যন্ত।  
আবেদন ফরম জমাদান : ০৬/০৬/২০২৪ থেকে ০১/০৭/২০২৭ খ্রি. পর্যন্ত ছুটির দিন ব্যতিত অফিস চলাকালীন কলেজের ভর্তি কন্ট্রোল রুমে (কলা ভবনের নিচতলা) জমা দিতে হবে।

### আবেদনের সাধারণ যোগ্যতা

- বাংলাদেশে স্বীকৃত যেকোনো শিক্ষা বোর্ড/উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সকল শাখা থেকে ২০১৯/২০২০/২০২১ সালের SSC ও সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ ২.০ এবং ২০২১/২০২২/২০২৩ সালের HSC ও সমমান পরীক্ষায় ৪র্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ ২.০ প্রাপ্ত শিক্ষার্থীরা আবেদন করতে পারবে।
- বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের HSC ও সমমানের কোর্সসমূহ থেকে শুধুমাত্র i) এইচ.এস.সি. (ভোকেশনাল) ii) এইচ.এস.সি. (বিজনেস ম্যানেজমেন্ট এন্ড টেকনোলজি) iii) ডিপ্লোমা-ইন-কমার্স পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা অনুচ্ছেদ-১ এর ক নং শর্ত পূরণ সাপেক্ষে এ ভর্তি কার্যক্রমে আবেদন করতে পারবে।
- ২০১৯/২০২০/২০২১ সালের O-Level পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২১/২০২২/২০২৩ সালের A-Level পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ইমেইল এ্যাড্রেসে ([degpassnu@gmail.com](mailto:degpassnu@gmail.com)) আবেদন পত্র প্রেরণ করবে।
- বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশ-এ স্বীকৃত যেকোনো শিক্ষা বোর্ড কতৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অনুচ্ছেদ-১ এর ক নং শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল আবেদনকারীকে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর নির্ধারিত সময়ের মধ্যে সরাসরি/ইমেইল এ্যাড্রেসে ([degpassnu@gmail.com](mailto:degpassnu@gmail.com)) আবেদন করতে হবে।
- জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০২১-২০২২ বা ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান), স্নাতক (সম্মান) প্রফেশনাল ও স্নাতক (পাস) নিয়মিত/প্রাইভেট কোর্সে ভর্তিকৃত শিক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ড ইস্যু হয়ে থাকলে সেই শিক্ষার্থী ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে না। তবে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিলপূর্বক ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (পাস) কোর্সে ভর্তি হতে পারবে। একই অথবা দুটি ভিন্ন শিক্ষাবর্ষে কোনো প্রার্থী এক বা একাধিক কোর্সে দ্বৈত ভর্তি হলে তার উভয় ভর্তি বাতিল বলে গণ্য হবে।

### আবেদনকারীর জন্য করণীয়

- আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্দিষ্ট website ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এর Degree Pass Tab এর Apply Now (Degree Pass) অপশনে ক্লিক করে আবেদন ফরম পূরণ, ডাউনলোড ও প্রিন্ট করতে হবে।
- কলেজের ওয়েবসাইটে ([www.tgc.edu.bd](http://www.tgc.edu.bd)) PAYMENT>Admission & Form Fill UP> Degree (Pass)>Degree (Pass) Admission 2023-2024 ক্লিক করে কলেজের প্রাথমিক ভর্তি আবেদন ফরম পূরণ করতে হবে। ভর্তি ফরম পূরণ হয়ে গেলে বিকাশ (bKash) এর মাধ্যমে প্রাথমিক আবেদন ফি বাবদ ৩০০/- (তিনশত টাকা) পরিশোধ করতে হবে।
- পূরণকৃত আবেদন ফরম উপরে বর্ণিত সময়সীমার মধ্যে ভর্তি কন্ট্রোলরুমে (কলা ভবনের নিচ তলা) জমা দিয়ে এডমিট কার্ড (স্টুডেন্ট কপি) সংগ্রহ করতে হবে।

ক্লাস শুরু তারিখ: ২৫ জুলাই ২০২৪।

দ্রষ্টব্য: চূড়ান্ত ভর্তির সময়সূচি, ভর্তি ফি ও অন্যান্য তথ্যাবলী পরবর্তী সময়ে কলেজের ওয়েবসাইট নোটিশের মাধ্যমে জানানো হবে।

ভর্তি সংক্রান্ত যেকোনো তথ্যের জন্য যোগাযোগ করা যাবে:

- জনাব এস এম জাকারিয়া, সহকারী অধ্যাপক, ব্যবস্থাপনা- মোবাইল: ০১৭১৮-২৯৬১৭৮
- জনাব মোঃ সিদ্দিক আলী, প্রদর্শক, রসায়ন- মোবাইল: ০১৭২২-৬৭৬৮০২

প্রতিষ্ঠাপক

প্রফেসর মোঃ আব্দুল জলিল-৫৯২৬

অধ্যক্ষ

ঠাকুরগাঁও সরকারি কলেজ

ঠাকুরগাঁও।

মোঃ জবায়দুর রহমান

সহযোগী অধ্যাপক, ইস: ইতিহাস ও আহবায়ক

২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) ভর্তি কমিটি

ঠাকুরগাঁও সরকারি কলেজ, ঠাকুরগাঁও।